Lens Asia

১৫ মার্চ, ২০২৬

# জাতীয় নির্বাচন ও গণভোট নিয়ে দ্বিচারিতার অভিযোগ: হাসনাত আব্দুল্লাহ




হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক ও কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ বলেছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, গণভোট ও ঐকমত্য কমিশন নিয়ে দ্বিচারিতা দেখা যাচ্ছে।

রোববার (১৫ মার্চ) দুপুরে সংসদ অধিবেশন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, বিএনপির কার্যক্রমের মাধ্যমে এই দ্বিচারিতা স্পষ্টভাবে প্রকাশ পাচ্ছে। তাদের সংবিধান সংক্রান্ত বক্তব্য অনেকটা অতীত সরকারের সময়ে দেওয়া অবস্থার সঙ্গে মিলিয়ে শোনায়।

ত্রয়োদশ সংসদের রোববারের অধিবেশন বেলা ১১টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের (বীর বিক্রম) সভাপতিত্বে শুরু হয়। এর আগে ১২ মার্চ বৃহস্পতিবার প্রথম অধিবেশন শুরু হলেও পরে রোববার পর্যন্ত তা মুলতবি করা হয়েছিল। অধিবেশন আগামী ৩০ এপ্রিল পর্যন্ত চলবে। প্রথম অধিবেশনের শুরুতে রাষ্ট্রপতির ভাষণের ওপর মোট ৫০ ঘণ্টার আলোচনা হবে।

LENS ASIA

ত্রয়োদশ সংসদের প্রথম অধিবেশনে স্পিকার ও ডেপুটি স্পিকারের নির্বাচনও সম্পন্ন হয়। প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান অবসরপ্রাপ্ত মেজর হাফিজ উদ্দিন আহমদকে স্পিকার হিসেবে প্রস্তাব করলে কণ্ঠভোটে তা গৃহীত হয়। একইভাবে ডেপুটি স্পিকার হিসেবে ব্যারিস্টার কায়সার কামালের নামও অনুমোদিত হয়। পরে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নবনির্বাচিত স্পিকার ও ডেপুটি স্পিকারের শপথ বাক্য পাঠ করান।